

ভর্তির সাত মাসেও আইডি কার্ড পায়নি হাবিপ্রবির শিক্ষার্থীরা

হাবিপ্রবি প্রতিনিধি

প্রকাশিত: ১৭:২০, ২৮ জুন ২০২৫



বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রায় সাত মাস পেরিয়ে গেলেও নিজেদেরকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে পরিচয় দেয়ার মতো কোনো পরিচয়পত্র এখনও হাতে পায়নি হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) ২৪ ব্যাচের শিক্ষার্থীরা। ফলে প্রাতিষ্ঠানিক কোনো পরিচয়পত্র ছাড়া পার করতে হয়েছে বিশ্ববিদ্যালয় জীবনের এক সেমিস্টার।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ২৪ ব্যাচের ক্লাস শুরু হয় গত বছরের নভেম্বর মাসে। আইডি কার্ড না থাকায় ব্যাংকে স্টুডেন্ট অ্যাকাউন্ট খোলা থেকে শুরু করে নানা কাজে নিজেদেরকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসেবে পরিচয় দিতে ভোগান্তিতে পড়তে

হচ্ছে অনেক শিক্ষার্থীকে। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ক্ষেত্র প্রকাশ করতে দেখা গেছে অনেককেই।

এরই মধ্যে ২৫ ব্যাচের ভর্তি কার্যক্রমও প্রায় শেষের দিকে। আগামী মাস থেকে ২৫ ব্যাচের ক্লাস শুরু হওয়ার কথাও রয়েছে। যেখানে সাত মাসেও ২৪ ব্যাচ এখনও নিজেদের ছাত্রত্বের পরিচয় পায়নি, সেখানে ২৫ ব্যাচের শিক্ষার্থীদের আইডি কার্ড কবে নাগাদ দেওয়া হবে—এ প্রশ্নও তুলেছেন অনেকেই।

২৪ ব্যাচের কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে এ বিষয়ে কথা হলে তারা জানান, এখনও অফিসিয়াল কোনো আইডি কার্ড হাতে পাইনি। কবে দেওয়া হবে সে বিষয়েও কিছু জানি না। ব্যাংকে স্টুডেন্ট অ্যাকাউন্ট খুলতে গিয়েছিলাম, আইডি কার্ড না থাকায় তা হয়নি। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের ওয়াইফাই সুবিধা পাওয়ার জন্যও আইডি কার্ডের প্রয়োজন। দ্রুত আইডি কার্ডের ব্যবস্থা করলে আমাদের জন্য উপকার হতো।

আইডি কার্ড না পাওয়ার বিষয়ে ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক অধ্যাপক ড. এস. এম. এমদাদুল হাসানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, “আইডি কার্ড পাওয়া অবশ্যই একজন শিক্ষার্থীর অধিকার। এখনও তারা আইডি কার্ড হাতে পায়নি, এটা আমার জানা ছিল না, আমাকে কেউ এ বিষয়ে অবগতও করেনি। যারা আইডি কার্ড পায়নি, তারা অ্যাডভাইজর সেকশনের অফিসে যোগাযোগ করলে আমি সর্বনিম্ন সময়ের মধ্যে আইডি কার্ড প্রদান করার জন্য বলব। সংশ্লিষ্ট সবাইকে দ্রুত আইডি কার্ড প্রদানের জন্য নির্দেশ দিবো।”